

## মাহবুবা চৌধুরীর নতুন ছড়া

বিনোদন রিপোর্ট : সংবাদ পাঠিকা, উপস্থাপিকা, ছড়াকার ও দৈনিক মানবজমিন পত্রিকার সম্পাদক ও প্রকাশিকা মাহবুবা চৌধুরীর নতুন ছড়ার বই বেরিয়েছে। বইটির শিরোনাম 'নতুন ছড়া'। শিশুদের জন্য লেখা এটি তার তৃতীয় ছড়ার বই। অন্য দু'টি প্রকাশিত বইয়ের শিরোনাম 'রেল গাড়ি' এবং 'কথায় কথায়'। এই তিনটি বই-ই প্রকাশ করে অন্যধারা প্রকাশনা সংস্থা।

## মেঘলা আকাশ-এর প্রেস শোতে বোম্বের কোনো শিল্পী আসছেন না

বিনোদন রিপোর্ট : আগামী ২২ মার্চ সকালে ঢাকার একটি প্রেক্ষাগৃহে মেঘলা আকাশ চলচ্চিত্রের যে প্রেস শো অনুষ্ঠিত হচ্ছে সেখানে বোম্বের কোনো শিল্পী-কুশলী হাজির হচ্ছেন না। বেশ কয়েক মাস আগে থেকে মেঘলা আকাশ-এর প্রযোজনা কর্তৃপক্ষ ঘোষণা দিয়েছিলেন ছবি মুক্তির সময় বোম্বের শাবানা আজমী, মিঠুন, আইয়ুব খান প্রমুখ শিল্পীরা ঢাকায় আসবেন। সেদিন এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ছবির পরিচালক নাগিস আক্তার বোম্বের কোনো শিল্পীর ঢাকায় না আসার কথা জানান। মরণব্যাধি এইডস-এর উপর ভিত্তি করে নির্মিত মেঘলা আকাশের নাম ভূমিকায় অর্থাৎ মেঘলার চরিত্রে মৌসুমী এবং আকাশের ভূমিকায় বোম্বের নায়ক আইয়ুব খান অভিনয় করেন। একটি বিশেষ চরিত্রে শাবানা আজমী অভিনয় করেন। এছাড়া আরো আছেন শাকিল খান, পূর্ণিমা, অমিত হাসান, রাজীব, শহীদুল আলম সাদু, দিলদার, ডলি জহুর, অমল বোস, জাহানারা ভূঁইয়া, প্রবীর মিত্র, পীযুষ বন্দোপাধ্যায়, নীলম সিং প্রমুখ।

## একটি ব্যতিক্রমী নাটক আমি তো মরে যাবে

বিনোদন রিপোর্ট : একটি গ্রামের অত্যাচারী চেয়ারম্যান দুঃশাসনের কাহিনী নিয়ে নির্মিত হয়েছে নাটক আমি তো মরে যাবো। ওই চেয়ারম্যানকে এক বাউল শিল্পী মৃত্যুর গান শোনায়ে। গান শুনে অত্যাচারী চেয়ারম্যানের সব সময়ই মৃত্যুর কথা মনে পড়ে। ফলে তিনি ভালো হয়ে যান। এভাবেই গড়ে উঠেছে আমি তো মরে যাবো নাটকের কাহিনী। পরিচালনা করেছেন মোঃ মঞ্জুর রহমান, রচনা মেহেদী হাসান লিটেল। অভিনয় করেছেন পারভেজ টিটু, কল্পনা, হোসেন, লক্ষ্মী, গোলাম মাওলানা, রহমান, নীলা, তসলিম চৌধুরী, সানোয়ার, সাঈদ, জামশেদ, আলী কিরণ।

কালীগঞ্জের রাঙামাটিয়া গ্রামে চিত্রায়িত এই নাটকের শূটিং করা হয়। সম্পাদনার কাজ শেষ। নাটকটি নির্মাণের পর একুশে টিভিতে জমা দেয়া হবে।

## তিন শতাধিক নাটকে অভিনয় করেন কাজী আসাদ

বিনোদন রিপোর্ট : বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনের উচ্চ গ্রেডের তালিকাভুক্ত জনপ্রিয় অভিনেতা কাজী আসাদ। টেলিভিশনে ১৯৬৯ সালে এবং বেতারে ১৯৭২ সালে তালিকাভুক্ত হন। সম্প্রতি তিনি একটি নতুন ধারাবাহিকে কাজ শুরু করেন। এক প্রশ্নের উত্তরে কাজী আসাদ জানান, তিনি শতাধিক নাটকের উল্লেখযোগ্য চরিত্রে অভিনয় করেছেন। এছাড়া তার লেখা ৭০টি নাটক রয়েছে। ইতোমধ্যে ৫টি নাটক পরিচালনা করেও আলোচিত হন। নাটক ছাড়াও কয়েকটি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র তিনি নির্মাণ করেন। পাঁচটি চলচ্চিত্রেও অভিনয় করেন। তার অভিনীত উল্লেখযোগ্য নাটক হলো প্রচ্ছায়া, আমার ভেতরে আমি, সন্ধান, অভিনয়, না বলা কথা, মেঘলা আকাশ, ছোট মামা, শুধু একজন, কাছাকাছি, বাজে না বাঁশী, কাজল রেখা, সোনার চাবি, দিন যায় দিন আসে, মনের আলো প্রভৃতি। এর মধ্যে সিরিজ নাটকও রয়েছে। টেনাশিনাস পদক '৯৬ এবং নানা সম্মাননায় ভূষিত হন এই অভিনেত্রী। ৩৩ বছর ধরে নাটকের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত আছেন। কাজী আসাদ অভিনীত সর্বশেষ ছবি বিপ্লবী জনতা।

হাফিজ উদ্দিন পরিচালিত এই চলচ্চিত্রে তিনি উল্লেখযোগ্য চরিত্রে অভিনয় করেন। অভিনেতা, নাট্যকার, গীতিকার ও পরিচালক হিসাবে তিনি নাট্যাঙ্গনে এখন একজন জনপ্রিয় ব্যক্তিত্ব। ইনকিলাব বিনোদনের এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, মঞ্চ নাটক করে যতটা আনন্দ পাই তা অন্য মাধ্যমে পাই না। তিন শতাধিক নাটকে কাজ করেছি, তবে আমার মনের মতো নাটকের চরিত্রটি এখনো খুঁজে পাইনি। বর্তমানে বেশ কিছু নাটক হাতে রয়েছে যা নিয়ে প্রচুর ব্যস্ততা। স্কুল জীবন থেকে আজ পর্যন্ত অভিনয় করেও আশা পূরণ হয়নি বলে তিনি জানান।

## আজ তাহমিনা মাহবুবের একক লালন সংগীত সন্ধ্যা

বিনোদন রিপোর্ট : আজ ২১ মার্চ বিশ্বসাহিত্য কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হবে সংগীত শিল্পী তাহমিনা মাহবুব প্রেমার একক লালন সংগীত সন্ধ্যা। কণ্ঠশিল্পী এবং উপস্থিত দর্শকদের শুভেচ্ছা বক্তব্যের ফাঁকে ফাঁকে সংগীত পরিবেশন করবেন তাহমিনা মাহবুব। সন্ধ্যা ৬.৩০ মিনিটে অনুষ্ঠান শুরু হবে।

## বিটিভিতে ভিন্নধর্মী প্রামাণ্য চিত্র দেখা-অদেখা

বিনোদন রিপোর্ট : বান্দরবানের উপজাতি, প্রাকৃতিক পরিবেশ, উপজাতিদের জীবনধারা, বোমাং রাজার খাজনা আদায় ও রাজকীয় অনুষ্ঠান, মেলা ইত্যাদি বিষয় নিয়ে নির্মিত হয়েছে প্রামাণ্যচিত্র ধারাবাহিক প্রামাণ্যচিত্র দেখা-অদেখা। এবারের পর্ব পাহাড়ী এলাকার বিভিন্ন ঘটনা নিয়ে নির্মিত হয়েছে। আজ বিটিভিতে দেখা-অদেখার ভিন্নধর্মী এ পর্বটি দেখানো হবে। প্রচার হবে রাত ৯টায়। এর চিত্রগ্রহণ ও পরিচালনা করেছেন এ মাসুদ চৌধুরী পিটু। অনুষ্ঠানটির কারিগরি সহায়তা দিয়েছে ইস্টার্ন প্যানোরমা।